গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস্ লিমিটেড
এবং
চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯–জুন ৩০, ২০২০

সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সুচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সুচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

বাংলাদেশ জুট মিলস্ লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

☐ **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

১৯০৭০ মে.টন কাঁচা পাট ক্রয় করে ১৭৬২৯ মে: টন পাটজাত পণ্য উৎপাদন সম্ভব হয়েছে। ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন ও মজুরি প্রদান। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে টিম গঠন করে স্থানীয় বাজার চাতাল মালিক, আড়ৎদার/দোকান মালিকসহ সাধারণ জনগণকে পরিবেশ বান্ধব পাটের বস্তা ব্যবহারে উদ্বুদ্ধকরণ। মিলের অভ্যন্তরের শতভাগ বাসা বসবাসের জন্য কর্মকর্তা ও কর্মচারীদের নিকট বরাদ্ধ প্রদান। রাস্তার ধারে মিলের সীমানা প্রাচীর উঁচু করা। ডিজিটাল ওয়ে ব্রীজ স্কেল স্থাপনের মাধ্যমে শতভাগ সঠিক ওজন গ্রহণ নিশ্চিতকরণ করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণের মাধ্যমে এবং প্রায় সকল বিভাগে কম্পিউটার স্থাপনের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির পাশাপাশি অনলাইন যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন সম্ভব হয়েছে। কর্মচারী,কর্মকর্তা ও শ্রমিকদের মধ্যে নিরাপদ পানির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

☐ **সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ:**

- ১. পাটের মৌসুমে গুনগতমান বজায় রেখে লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটক্রয় করতে না পারা;
- ২. বাজেট তাঁত অনুযায়ী উৎপাদন নিশ্চিত করতে না পারা;
- ৩. নির্দিষ্ট সময়ে শ্রমিকদের মজুরি এবং কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি প্রদান করতে না পারা;
- ৪. সকল শ্রমিকদের উপস্থিতি নিশ্চিত করতে না পারা;
- ৫. মিলের মেশিন সমূহের আধুনিকায়ন/বিএমআরই করতে না পারা;
- ৬. অবসরপ্রাপ্ত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের পিএফ ও গ্রাচুইটির অর্থ নিয়মিত পরিশোধ করতে না পারা;
- ৭. সময়মত গ্যাস, বিদ্যুৎ বিল পরিশোধ করতে না পারা।

☐ **ভবিষ্যৎ পরিকল্পনা:**

- ১. মিলের মেশিন সমূহ বিএমআরই করণ, বাজেট লক্ষ্যমাত্রা অনুযায়ী তাঁত চালানো এবং বাজেট উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে মিলকে লাভজনক/ব্রেকইভেন পর্যায়ে উন্নীত করণ।
- ২. পাটপণ্যের বহুমুখীকরণের জন্য লেমিন্যাশন প্ল্যন্টি স্থাপন করা ।
- ৩. উৎপাদন বিভাগ ও অন্যান্য বিভাগে নারী বদলী শ্রমিক নিয়োগের মাধ্যমে উৎপাদনশীল কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি করা।
- ৪) বায়মেট্রিক্স পদ্ধতিতে হাজিরা চালু করা।

☐ **২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১) ৬৮০০ মেট্রিকটন মানসম্মত কাঁচা পাট ক্রয় করা;
- ২) ৬৫০০ মেট্রিকটন পাট পণ্য উৎপাদন করা;
- ৩) ৫৫২০ মেট্রিকটন পাটজাত পণ্য বিক্রয় ও রপ্তানি করা;
- ৪) মিলের গুরুত্বপুর্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা স্থাপন করা;
- ৫) মিলে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণ করা।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প প্রধান, বাংলাদেশ জুট মিলস্ লিঃ

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশ জুট মিলস্ লিঃ কে ২০২৫ সালের মধ্যে একটি আত্ম-নির্ভরশীল ও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা।

১.২ অভিলক্ষ্য (Mission):

সম্পদের সুষ্ঠু ব্যবহার, উৎপাদনশীলতা বৃদ্ধি, উৎপাদনের লক্ষমাত্রা অর্জন, চাহিদা অনুযায়ী সাশ্রয়ী মূল্যে সময়মত মানসম্মত পাটক্রয়, মানসম্পন্ন পাটপণ্য উৎপাদন ও বহুমুখীকরণ, উৎপাদনের নিরাপদ পরিবেশ সৃষ্টি করা, পাটনীতি ও কৌশল অনুসরণ ও বাস্তবায়ন, ইলেকট্রনিক্স প্রযুক্তি নির্ভর ব্যবস্থাপনার উন্নয়ন এবং উদ্ভাবনি ধারনা দিয়ে বাংলাদেশ জুট মিলস লিঃ কে ২০২৫ মধ্যে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ন্যায্য মূল্যে কৃষকের কাছ থেকে সরাসরি কাঁচাপাট ক্রয়;
২. স্থানীয় ও বৈদেশিক বাজারের চাহিদা অনুসারে পাটজাত পণ্য উৎপাদন;
৩. পাটজাত পণ্যের বহমূখীকরণ এবং বাজারজাতকরণ;
৪. মানবসম্পদ উন্নয়ন,ব্যবস্থাপনা ও আর্থসামাজিক উন্নয়ন।
৫. প্লান্ট ও মেশিনারি আধুনিকায়ন এবং কার্যক্ষম রাখা;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে সচ্চতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

১. পাট খাত সংক্রান্ত বিজেএমসি নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন;
২. পাট পণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজার ধরে রাখা;
৩. মিলের সামগ্রিক উন্নয়নে সচেষ্ট থাকা;
৪. মানসম্মত পাট পণ্যের উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে দক্ষ জনবল সৃষ্টি;
৫. মানসম্পন্ন পাটজাত পণ্যের উৎপাদনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;
৬. সকল মেশিনারি কার্যক্ষম রাখা;
৭. মানবসম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরণ ও ইতিবাচক প্রেষনা প্রদান করা;
৮. স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মাফিক বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন করা;
৯. পাটশিল্পের উন্নয়ন সম্প্রসারণের বিজেএমসিকে সহায়তা করণ;
১০. উৎপাদন ও কর্মী ব্যবস্থাপনার সকল পর্যায়ে ইলেকট্রনিক্স প্রযুক্তি প্রয়োগ করা।